দৈনিক ইত্তেফাক

তারিখ 13 FEB 1990
পৃষ্ঠা ... ৮ কলাম ... ৭ ...

26

২৮/

## গাজীপুর হইতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের মালামাল স্থানান্তর

গাজীপুর সংবাদদাতা টেলিফোনে জানান, গতকাল (সোমবার) বিকালে পুলিশ প্রহরায় ১৭টি ট্রাক গাজীপুর ইসলামী বিশ্ববিদ্যালয় হইতে আসবাবপত্র, বইপুস্তক,

(১১শ. পৃঃ দ্রঃ)

## মালামাল হস্তান্তর

(১ম পৃঃ পর)

বৈদ্যুতিক সাজ-সরঞ্জাম ও অন্যান্য মালামাল লইয়া ঢাকা-টাঙ্গাইল বিকল্প পথে কুষ্টিয়ার শান্তিডাঙ্গার উদ্দেশ্যে রওয়ানা হইয়া যায়। কোনও অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। জিনিসপত্র অপসারণকালে বিকালে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে কড়া পুলিশ প্রহরা মোতায়েন ছিল এবং ঐ সময় বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার জনাব আরজ আলীসহ অন্যান্য কর্মকর্তা এবং পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণ পুলিশের নিকট হইতে তাহাদের বিছানাপত্র ও বই ইত্যাদি বুঝিয়া লইয়া যায়।

বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণ ও বোর্ড বাজারে পুলিশ মোতায়েন রহিয়াছে।